

এই পরবাসে বাংলা

রোকেয়া আহমেদ

বিষয়টি নিয়ে অনেকদিন ধরেই ভাবছি, এর অভাবকে অনুভব করছি, এবং সেই অভাব পূরণের জন্য কোন উদ্যোগকে সহযোগিতা জানানোর চিন্তা করছি। আপনারা যারা বাংলাদেশ এবং বাংলা ভাষাকে ভালবাসেন, যারা বাংলা ভাষার মহান ইতিহাসের গৌরবে গর্বিত তারা জানেন যে এই পরবাসে নানান প্রতিকূলতার মাঝেও বাংলা ভাষাকে প্রতিষ্ঠিত করার অনেক চমৎকার কাজ হয়েছে এবং হচ্ছে। এসব কাজের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে একুশে একাডেমির উদ্যোগে এশফিল্ড পার্কে শহীদ মিনার নির্মাণ, একুশে বইমেলা, বাংলা প্রসার কমিটির উদ্যোগে নিউ সাউথ ওয়েলসের পাবলিক স্কুলে এস এসসি লেভেলে বাংলা ভাষার অন্তর্ভুক্তিকরণ, ক্যাম্পেলটাউন বাংলা স্কুল সহ উল্লেখযোগ্য সংখ্যক বাংলা পাঠশালা স্থাপন ইত্যাদি। বিভিন্ন পত্রপত্রিকা, লিটল ম্যাগাজিন, সাহিত্য পত্রিকা, বাংলা রেডিও, টিভি এবং অন্তর্জালে প্রকাশিত ও প্রচারিত বাংলা সাহিত্য, গান, কবিতা এই পরবাসেও আমাদের বাংলাপ্রীতিকে লালন করেছে। এছাড়াও বিভিন্ন সংগঠনের আয়োজিত মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠানগুলো ও বাংলাসাহিত্য ও সংস্কৃতিকে ধরে রাখায় অনবদ্য ভূমিকা পালন করে চলেছে।

এত প্রচেষ্টা সত্ত্বেও এই পরবাসে বাংলা ভাষাকে বাঁচিয়ে রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ বাকি রয়ে গেছে। সম্প্রতি বাংলা প্রসার কমিটির সভাপতি বারী ভাইয়ের সাথে আলাপ করে জানলাম বিষয়টি নিয়ে তারাও ভাবতে শুরু করেছেন। বিষয়টি হচ্ছে অস্ট্রেলিয়াতে বিভিন্ন সরকারি এবং বেসরকারি সংস্থার গণপ্রচারনামূলক লিফলেট, ব্রোশিওর, বুকলেট বা ইনফরমেশন শীটে কম্যুনিটি ল্যাংগুয়েজ হিসেবে বাংলা ভাষার অনুপস্থিতি। ATO, Centrelink, RTA, DIAC, Medicare, DoCS, CRC, Fair Trading সহ সমস্ত বড় বড় সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠান গুলোর গণপ্রচারনামূলক লিফলেট, ব্রোশিওর, বুকলেট বা ইনফরমেশন শীটে প্রায় ৫০ টির ও বেশি কম্যুনিটি ল্যাংগুয়েজ অন্তর্ভুক্ত। সম্প্রতি অন্তর্ভুক্ত ভাষার মধ্যে হিন্দি, বার্মিজ, নেপালি এবং উর্দু অন্যতম। আমার জানা মতে একমাত্র এডুকেশন ডিপার্টমেন্ট ছাড়া আর কোথাও বাংলা ভাষা কম্যুনিটি ল্যাংগুয়েজ হিসেবে প্রতিষ্ঠিত নয়। এই সত্যটি মেনে নিতে আমার কষ্ট হয়। কেন কম্যুনিটি ল্যাংগুয়েজ হিসেবে বাংলা নেই - এটা কি একটি অনুসন্ধানের বিষয় নয়? অস্ট্রেলিয়া Linguual Diversity, Muliculturalism কে সর্বক্ষেত্রে প্রয়োগ করেছে, এত বড় এই কর্মযজ্ঞ থেকে বাংগালি আর বাংলা ভাষা বিসর্জিত কেন?

অস্ট্রেলিয়ার অন্যান্য অনেক জনগোষ্ঠীর তুলনায় বাংলাদেশীরা নতুন অভিবাসী, কিন্তু ২০০১, ২০০৬ Census Report অনুযায়ী বাংলাদেশী জনগোষ্ঠীর সংখ্যা ক্রমবর্ধমান এবং বাংলা একটি অন্যতম দ্রুত বর্ধিষ্ণু ভাষা। অন্যান্য নতুন বা ক্রমবর্ধমান অনেক জনগোষ্ঠীর চেয়ে আমরা হয়তো একটু আলাদা - কারণ আমরা বেশীর ভাগই স্কিলড অথবা ফ্যামিলি মাইগ্রেন্ট। আমরা ইংরেজিতে সচ্ছন্দ এবং আমাদের পরিবার বা সামাজিক নেটওয়ার্ক অনেক বিস্তৃত। এ কারণে নতুন আসার পরেও আমরা সরকারি বা বেসরকারি সেবা কর্মসূচীর মুখাপেক্ষী নই ততটা এবং দোভাষী বা বাংলা ভাষার অনুপস্থিতি আমাদের সেটলমেন্ট প্রক্রিয়াকে প্রভাবিত করেনা। বাংলা ভাষার অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা নিয়ে বিতর্কে হয়তো অনেকেই বলবেন - আমাদের বাংলা পড়ার দরকার কি, ইংরেজি কি আমরা বুঝিনা বা জানিনা? ওটা যারা জানেনা তাদের জন্য, যেমন চায়নিজ বা আরাবিক কম্যুনিটির জন্য দরকার। কিন্তু আমি ব্যক্তিগত ভাবে মনে করি বিষয়টি জরুরি, একটি নতুন দেশে আসার পর নিজের

ভাষায় সেবা কর্মসূচীগুলো সম্পর্কে জানলে অভিবাসন প্রক্রিয়া সহজতর হয়। ব্যবহারিক প্রয়োগের কথা বাদ দিলেও অস্ট্রেলিয়ায় বাংলা ভাষার প্রতিষ্ঠা আমাদের জাতিগত মর্যাদা এবং সম্মানবোধের সাথে জড়িত। একটি জাতির প্রধান সম্পদ হলো তার ভাষা, যার মাধ্যমে তার স্বকীয় সাহিত্য, সংগীত এবং জীবনবোধ লালিত হয়। সেই মাতৃভাষার মর্যাদা মানে তার জাতিগত স্বত্তাকেই সম্মান করা। আর বাংলাদেশী জাতি হিসেবে বাংলাভাষাকে নিয়ে আমরাই সবচেয়ে বেশী মর্যাদার দাবিদার। পৃথিবীতে আর কোন ভাষাকে প্রতিষ্ঠিত করার জন্য করার জন্য কাউকে রক্ত দিতে হয়নি। মহান ভাষা আন্দোলনের সম্মানজনক স্বীকৃতি স্বরূপ UNESCO ২১ শে ফেব্রুয়ারীকে International Mother Language Day করেছে; অথচ সেই বাংলা ভাষাই এদেশের গণমাধ্যমগুলোতে প্রতিষ্ঠিত নয়- এটা কি মেনে নেয়া যায়?

ভাষা, সাহিত্য ও সংস্কৃতিতে সমৃদ্ধ একটি জাতি হিসেবে এই পরবাসে আমাদের অস্তিত্ব বজায় রাখতে হলে কমিউনিটি ল্যাংগুয়েজ হিসেবে বাংলা কে প্রতিষ্ঠিত করার কোন বিকল্প নেই। আমরাই বাংলা কে বাদ দিয়ে চলেছি, আমাদের পরবর্তী জেনারেশনের তা দরকারই হবেনা! এর ফলাফল হচ্ছে এই পরবাসে বাংলাভাষার ক্রম অবলুপ্তি এবং শেকড়বিহীন জনগোষ্ঠী হিসেবে আমাদের বেঁচে থাকা। এই ভাংগনকে ঠেকাতে হলে চাই সর্বব্যাপী প্রচেষ্টা। তবে আশার কথা এইযে সম্প্রতি বাংলা প্রসার কমিটি এ ব্যাপারে জনমত সূচি এবং Campbelltown Council সহ প্রশাসন কে প্রভাবিত করার প্রসংশনীয় উদ্যোগ গ্রহন করেছে। তবে এই প্রচেষ্টাকে সফল করে তুলতে মত-দল-ধর্ম নির্বিশেষে সবাইকে এগিয়ে আসতে হবে। আমরা অস্ট্রেলিয়াতে বাংলাকে প্রতিষ্ঠিত করতে চাই, আপনি চান না?